গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী পালনের বিষয়ে দিবস পালন সংক্রান্ত স্থায়ী কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবু বকর সিদ্দিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ০২ আগস্ট ২০২২ তারিখ সকাল ১১.০০ মিনিট |
| সভার স্থান | : | অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ (ব্লক-১)। |
| আলোচ্য বিষয় | : | (ক) ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২২" পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনা করার জন্য সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ কে অনুরোধ জানান।

০২। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৭/২০২২ তারিখের ৫২০ নং স্মারকে ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২২" পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিতে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে গত ২৮/০৭/২০২২ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুসারে ১৫ আগস্ট ২০২২ "জাতীয় শোক দিবস" পালনের জন্য পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণের আমন্ত্রণ/নির্দেশনা পাওয়া গেলে সে অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করবে। এছাড়া পরিকল্পনা বিভাগের কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা না থাকলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে।

০৩। সভার এ পর্যায়ে সভাপতি সভাকে অবহিত করেন যে, আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২২" সফলভাবে আয়োজনের বিষয়ে দিবস পালন সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সদস্য-কে মতামত প্রদানের জন্য আহবান জানান। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার পরিসংখ্যান ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

(খ) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২২" যৌথভাবে পালনের জন্য পরিকল্পনা বিভাগ থেকে কোন নির্দেশনা/অংশগ্রহণের আমন্ত্রণ পাওয়া গেলে সে অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করবেন;

চলমান পাতা-২

(গ) পরিকল্পনা বিভাগের কর্মসূচিতে অংশগ্রহণের নির্দেশনা না থাকলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে;

(ঘ) পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ১০.০০ মিনিটে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যৌথভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

(ঙ) দিবসটি পালনের নিমিত্ত পরিসংখ্যান ভবনের অডিটরিয়ামে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে;

(চ) উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ডা. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং সভাপতিত্ব করবেন মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো;

(ছ) অনুষ্ঠানের শুরুতে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান" এঁর জীবনী সম্পর্কে পটভূমি আকারে সংক্ষিপ্ত আলোচনা করবেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব মোছাঃ সুলতানা পারভীন;

(জ) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান" এঁর জীবনী নিয়ে ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করবেন এ বিভাগের আইসিটি অধিশাখার সংশ্লিষ্ট কর্মকর্তা;

(ঝ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো উক্ত অনুষ্ঠানে ডিজিটাল ব্যানার প্রস্তুত করে ডিসপ্লেতে প্রদর্শন করবেন;

(ঞ) উক্ত অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে আলোচনা করবেন জনাব খন্দকার মোস্তান হোসেন, সাবেক অতিরিক্ত সচিব;

(ট) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২২" এর আলোচনা পর্বে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবে;

(ঠ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২২" এর অনুষ্ঠানটি উপস্থাপনা করবেন বাংলাদেশ পরিসংখ্যানা ব্যুরোর উপপরিচালক জনাব আজিজা রহমান;

(ড) উক্ত অনুষ্ঠানে আলোচনা সভার পর দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। দোয়ার মাহফিল পরিচালনা করবেন বিবিএস মসজিদের সম্মানিত খতিব মাওলানা মোহাম্মদ আলী;

(ঢ) পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিচতলার অডিটরিয়াম প্রস্তুত রাখবেন এবং ভবনের দৃশ্যমান জায়গায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের প্রতিকৃতি দিয়ে সজ্জিত করবেন;

(ণ) অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ফুলের আয়োজন করবে;

(ত) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ড্রপডাউন ব্যানারসহ অন্যান্য ব্যানার ও আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে;.

(থ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপন করবে। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

চলমান পাতা-৩

০৪। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.০৮.২০২২
মোঃ আবু বকর সিদ্দিক
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৬৯৪.১৮-৭৮

তারিখ: শ্রাবণ ১৪২৯ / আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। জনাব খন্দকার মোস্তান হোসেন, সাবেক অতিরিক্ত সচিব।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৪। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৭। পরিচালক (সকল) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। জনাব মহিউদ্দিন আহমেদ, এম.পি.এইচ, উপ-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১০। জনাব মোহাম্মদ সেলিম সরকার, উপ-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১১। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩। জনাব আজিজা রহমান, উপ-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৫। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৬। মাওলানা মোহাম্মদ আলী, খতিব, বিবিএস মসজিদ।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

১০/০৮/২২
মোঃ ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব